বনিক বার্তা

# উত্তরা ইউনিভার্সিটিতে এইচআর সামিট অনুষ্ঠিত

প্রকাশ: রোববার ১ ডিসেম্বর ২০২৪, ০৬:০০

Source: https://bonikbarta.com/

**দেশের শীর্ষ ২০টি কোম্পানির মানবসম্পদ বিভাগের প্রধান কর্মকর্তাদের নিয়ে গতকাল উত্তরা ইউনিভার্সিটিতে ‘এইচআর সামিট ২০২৪’ অনুষ্ঠিত হয়েছে।**

দেশের শীর্ষ ২০টি কোম্পানির মানবসম্পদ বিভাগের প্রধান কর্মকর্তাদের নিয়ে গতকাল উত্তরা ইউনিভার্সিটিতে ‘এইচআর সামিট ২০২৪’ অনুষ্ঠিত হয়েছে। সামিটের শুরুতে কী-নোট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন আইসিডিডিআর,বির হেড অব এইচআরএম অধ্যাপক ড. মোশাররফ হোসেন। এ সময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। এ সামিটের উদ্বোধন করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেছে উত্তরা ইউনিভার্সিটির বিজনেস স্কুল, অফিস অব দ্য এক্সটারনাল অ্যাফেয়ার্স ও ফেডারেশন অব বাংলাদেশ হিউম্যান রিসোর্স অর্গানাইজেশনস (এফবিএইচআরও)। সামিটে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। —বিজ্ঞপ্তি